



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৬০৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৬৬২

তারিখ: ১০-০১-২০২৪ খ্রি.

বিষয় : অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র : ক) উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল-এর ২৫-৯-২০২৩ খ্রি. তারিখের ০৫.৪৪.৬৫৫২.০০১.১৪.০০৫.২৩.৭১৩(যু:) নং স্মারকপত্র।
খ) জনাব শেখ মোঃ তাজমুল ইসলাম গং এর ২৩-০৭-২০২৩ তারিখের অনলাইন আবেদন (আইডি-২১৯১৭)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার লোহাগড়া উপজেলাধীন কে, টি, এম মাধ্যমিক বিদ্যালয়ে অফিস সহকারী কাম হিসাব সহকারী, অফিস সহায়ক ও পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োগ পরীক্ষা বাতিল সংক্রান্ত আর্থিক অনিয়ম ও দুর্নীতির বিষয়ে বিদ্যালয়ের সভাপতি জনাব শেখ নজরুল ইসলাম (বাদশা) এর বিরুদ্ধে জনাব মোঃ তাজমুল ইসলাম গং একটি অভিযোগ দাখিল করলে উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল-কে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করে পত্র প্রদান করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করলে দেখা যায় উল্লেখিত অভিযোগের বিষয়ে সুনির্দিষ্ট কোনো সাক্ষ্য প্রমাণ কিংবা তথ্য প্রমাণ পাওয়া যায় নাই মর্মে মতামত দাখিল করেছেন।

এমতাবস্থায়, উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল কর্তৃক তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব শেখ মোঃ তাজমুল ইসলাম গং এর দাখিলকৃত অভিযোগের বিষয়ে সুনির্দিষ্ট কোনো সাক্ষ্য প্রমাণ কিংবা তথ্য প্রমাণ পাওয়া যায় নাই বিধায় জনাব শেখ মোঃ তাজমুল ইসলাম গং এর আনীত অভিযোগ হতে বিদ্যালয়ের সভাপতি জনাব শেখ নজরুল ইসলাম (বাদশা) কে অব্যাহতি দেওয়া হলো। বিষয়টি আপনাকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

১০-০১-২০২৪

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

০২৪৭৭৭৬২৭০৫

জনাব শেখ মোঃ তাজমুল ইসলাম গং
লোহাগড়া, নড়াইল

তারিখ : ১০-০১-২০২৪ খ্রি.

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৬০৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৬৬২(৬)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, নড়াইল।
- ২। জেলা শিক্ষা অফিসার, নড়াইল।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লোহাগড়া, নড়াইল।
- ৪। সভাপতি, কে, টি, এম মাধ্যমিক বিদ্যালয়, লোহাগড়া, নড়াইল।
- ৫। প্রধান শিক্ষক, কে, টি, এম মাধ্যমিক বিদ্যালয়, লোহাগড়া, নড়াইল।
- ৬। অফিস নথি।

১০-০১-২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর